

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৭৪.২০১৭- ২০২


তারিখঃ ১৬ জুলাই ২০১৭
০১ শ্রাবণ ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৫৮৯৪/২০১৭ বাদী জনাব মোঃ আবুল কাশেম, পিতা-মৃত-আব্দুল হাকিম, গ্রাম- বোগাইয়া, থানা- গোয়াইনঘাট, জেলা-সিলেট -বনাম-সরকার ও অন্যান্য।

সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন ১নং রক্তমপুর ইউনিয়নের বিছানা কান্দি পাথর মহালের পরিবহানের উপর ইউনিয়ন উন্নয়ন ও রপ্তানী ট্যাক্স এর ইজারার চুক্তি মোতাবেক অর্থ জমাদানের রশিদ গ্রহণের দাবীতে বাদী কর্তৃক রীট পিটিশন নং-৫৮৯৪/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত ০৬ (ছয়) মাসের জন্য বাদীর ব্যবসায় কোনরূপ বিঘ্ন সৃষ্টি না করতে ৪নং বিবাদীর প্রতি আদেশসহ রুল ইস্যুপূর্বক জবাব দাখিলের জন্য বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব
ফোন-৯৫৪০১৯৭

জেলা প্রশাসক
সিলেট।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (ইপ-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।